রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, সেপ্টম্বর ১৬, ২০০৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ

প্রজ্ঞাপন

তারিখ, ১ আশ্বিন ১৪১৫ বঙ্গাব্দ/১৬ সেপ্টেম্বর ২০০৮ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ৬২-আইন/২০০৮।—জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন, ২০০৪ (২০০৪ সনের ২৯ নং আইন) এর ধারা ২৩ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জন্ম ও মৃত্যু নিবন্ধন (ইউনিয়ন পরিষদ) বিধিমালা, ২০০৬ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা ঃ—

উপরি-উক্ত বিধিমালার—

(ক) বিধি ২০ এর উপ-বিধি (১) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (১) প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"(১) আইনের ধারা ১১, ১৩ এবং ১৫ তে বর্ণিত শর্ত, উপ-বিধি (২) এর বিধান এবং বিধি ২০ক এর বিধান সাপেক্ষে এই আইন ও বিধিমালার অধীন প্রদত্ত সেবার জন্য নিবন্ধক নিম্নবর্ণিত টেবিলের কলাম (১) এ উল্লিখিত ক্রমিকের বিপরীতে কলাম (২) এ উল্লিখিত ক্ষেত্রে উহার বিপরীতে কলাম (৩) এ উল্লিখিত হারে ফিস আদায় করিবেন, যথা ঃ—

(১)	(২)	(৩)
১।	জন্মের তারিখ হইতে দুই বৎসরের মধ্যে কোন ব্যক্তির জন্ম নিবন্ধন	শূন্য
২।	মৃত্যুর তারিখ হইতে দুই বৎসরের মধ্যে কোন ব্যক্তির মৃত্যু নিবন্ধন	শূন্য

মূল্য ঃ টাকা ২.০০

(১)	(২)	(৩)
৩।	জন্ম বা মৃত্যুর তারিখ হইতে দুই বৎসর পর কোন ব্যক্তির জন্ম বা মৃত্যু নিবন্ধনের ক্ষেত্রে প্রতি বৎসরের জন্য	৫.০০ টাকা হারে
৪।	জন্ম বা মৃত্যু সনদের মূল বাংলা বা ইংরেজী কপি সরবরাহ	শূন্য
৫।	জন্ম বা মৃত্যু সনদের বাংলা বা ইংরেজী দ্বি-নকল কপি সরবরাহ	২৫.০০ টাকা
৬।	সরবরাহকৃত তথ্যের ভিত্তিতে প্রদত্ত নিবন্ধন সনদে কোন ভুল বা গরমিল পরিলক্ষিত হইলে নিবন্ধন সনদ এবং, ক্ষেত্রমত, নিবন্ধন বহি সংশোধন	১০.০০ টাকা।"।

(খ) বিধি ২০ক এর পরিবর্তে নিম্নরূপ বিধি ২০ক প্রতিস্থাপিত হইবে, যথা :—

"২০ক। বিধি ২০ এর উপ-বিধি (১) এ যাহা কিছুই থাকুক না কেন, ৩০ জুন, ২০১০ তারিখ পর্যন্ত সময়ের মধ্যে, নিম্নবর্ণিত টেবিলের কলাম (১) এ উল্লিখিত ক্রমিকের বিপরীতে কলাম (২) এ উল্লিখিত ক্ষেত্রে উহার বিপরীতে কলাম (৩) এ উল্লিখিত ফিসের হার প্রযোজ্য হইবে, যথা :—

(১)	(২)	(৩)
১।	অনূর্ধ্ব আঠার বৎসর বয়সের ব্যক্তিদের জন্ম নিবন্ধন	শূন্য
২।	অন্যূন আঠার বৎসর বয়সের ব্যক্তিদের জন্ম নিবন্ধন	৫০.০০ টাকা
৩।	কোন ব্যক্তির মৃত্যু নিবন্ধন	শূন্য।"।

২। এই প্রজ্ঞাপন ১ জুলাই, ২০০৮ তারিখ হইতে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আখতারী বেগম
সিনিয়র সহকারী সচিব।

মোঃ মাছুম খান (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ মজিবুর রহমান (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। www.bgpress.gov.bd

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, সেপ্টেম্বর ১৬, ২০০৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ

প্রজ্ঞাপন

তারিখ, ১ আশ্বিন ১৪১৫ বঙ্গাব্দ/১৬ সেপ্টেম্বর ২০০৮ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ২৬৩-আইন/২০০৮।—জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন, ২০০৪ (২০০৪ সনের ২৯নং আইন) এর ধারা ২৩ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জন্ম ও মৃত্যু নিবন্ধন (পৌরসভা) বিধিমালা, ২০০৬ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা ঃ—

উপরি-উক্ত বিধিমালার—

বিধি ২০ এর উপ-বিধি (৪) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (৪) প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"(৪) আইনের ধারা ২০ এ উল্লিখিত আপীল কর্তৃপক্ষ প্রয়োজন মনে করিলে কোন ব্যক্তির আবেদনের প্রেক্ষিতে উপ-বিধি (১) এ প্রদেয় ফিস মওকুফ করিতে পারিবে।";

২। বিধি ২০ পর নিম্নরূপ নূতন বিধি ২০ক সন্নিবেশিত হইবে, যথা ঃ—

"২০ক।—বিধি ২০ এর দফা (ক) ও (খ)-তে ভিন্নরূপ যাহা কিছুই থাকুক না কেন,—

"(ক)	৩১ ডিসেম্বর, ২০০৮ তারিখ পর্যন্ত সময়ের মধ্যে উক্ত তারিখে আঠার বৎসর বা তদনিম্ন বয়স্ক ব্যক্তিদের জন্য নিবন্ধনের ক্ষেত্রে প্রদেয় ফিসের হার হইবে	বিনা ফিসে
(খ)	৩১ ডিসেম্বর, ২০০৮ তারিখ পর্যন্ত সময়ের মধ্যে আঠার বৎসরের ঊর্দ্ধ-বয়স্ক ব্যক্তিদের জন্য নিবন্ধনের ক্ষেত্রে প্রদেয় ফিসের এককালীন হার হইবে	৫০.০০ টাকা
(গ)	৩১ ডিসেম্বর, ২০০৮ তারিখ পর্যন্ত সময়ের মধ্যে কোন ব্যক্তির মৃত্যু নিবন্ধনের ক্ষেত্রে প্রদেয় ফিসের হার হইবে	বিনা ফিসে।"।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

আখতারী বেগম

সিনিয়র সহকারী সচিব।

মোঃ মাছুম খান (উপ-সচিব) উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আখ্‌তার হোসেন (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।

মূল্য ঃ টাকা ২.০০

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, সেপ্টেম্বর ২৫, ২০০৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ

প্রজ্ঞাপন

তারিখ, ৯ আশ্বিন ১৪১৫ বঙ্গাব্দ/২৪ সেপ্টেম্বর ২০০৮ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ২৭৩-আইন/২০০৮।—জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন, ২০০৪ (২০০৪ সনের ২৯নং আইন) এর ধারা ২৩ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জন্ম ও মৃত্যু নিবন্ধন (ক্যান্টনমেন্ট বোর্ড) বিধিমালা, ২০০৬ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা ঃ—

উপরি-উক্ত বিধিমালার—

বিধি ২০ এর উপ-বিধি (৪) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (৪) প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"(৪) আইনের ধারা ২০ এ উল্লিখিত আপীল কর্তৃপক্ষ প্রয়োজন মনে করিলে কোন ব্যক্তির আবেদনের প্রেক্ষিতে উপ-বিধি (১) এ প্রদেয় ফিস মওকুফ করিতে পারিবে।";

২। বিধি ২০ এর পর নিম্নরূপ নূতন বিধি ২০ক সন্নিবেশিত হইবে, যথা ঃ—

"**২০ক।**—বিধি ২০ এর দফা (ক) ও (খ) তে ভিন্নরূপ যাহা কিছুই থাকুক না কেন,—

"(ক)	৩১ ডিসেম্বর, ২০০৮ তারিখ পর্যন্ত সময়ের মধ্যে উক্ত তারিখে আঠার বৎসর বা তদ্‌নিম্ন বয়স্ক ব্যক্তিদের জন্ম নিবন্ধনের ক্ষেত্রে প্রদেয় ফিসের হার হইবে।	বিনা ফিসে

মূল্য ঃ টাকা ২.০০

(খ)	৩১ ডিসেম্বর, ২০০৮ তারিখ পর্যন্ত সময়ের মধ্যে আঠার বৎসরের ঊর্ধ্ব-বয়স্ক ব্যক্তিদের জন্ম নিবন্ধনের ক্ষেত্রে প্রদেয় ফিসের এককালীন হার হইবে।	৫০.০০ টাকা
(গ)	৩১ ডিসেম্বর, ২০০৮ তারিখ পর্যন্ত সময়ের মধ্যে কোন ব্যক্তির মৃত্যু নিবন্ধনের ক্ষেত্রে প্রদেয় ফিসের হার হইবে।	বিনা ফিসে।"।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আখতারী বেগম
সিনিয়র সহকারী সচিব।

মোঃ মাছুম খান (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আখতার হোসেন (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, সেপ্টেম্বর ২৫, ২০০৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ

প্রজ্ঞাপন

তারিখ, ৯ আশ্বিন ১৪১৫ বঙ্গাব্দ/২৪ সেপ্টেম্বর ২০০৮ খ্রিস্টাব্দ

এস, আর, ও, নং ২৭৪-আইন/২০০৮।—জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন, ২০০৪ (২০০৪ সনের ২৯নং আইন) এর ধারা ২৩ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জন্ম ও মৃত্যু নিবন্ধন (সিটি কর্পোরেশন) বিধিমালা, ২০০৬ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা ঃ—

উপরি-উক্ত বিধিমালার—

বিধি ২০ এর উপ-বিধি (৪) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (৪) প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"(৪) আইনের ধারা ২০ এ উল্লিখিত আপীল কর্তৃপক্ষ প্রয়োজন মনে করিলে কোন ব্যক্তির আবেদনের প্রেক্ষিতে উপ-বিধি (১) এ প্রদেয় ফিস মওকুফ করিতে পারিবে।";

২। বিধি ২০ এর পর নিম্নরূপ নূতন বিধি ২০ক সন্নিবেশিত হইবে, যথা ঃ—

"২০ক।—বিধি ২০ এর দফা (ক) ও (খ) তে ভিন্নরূপ যাহা কিছুই থাকুক না কেন,—

"(ক) ৩১ ডিসেম্বর, ২০০৮ তারিখ পর্যন্ত সময়ের মধ্যে উক্ত তারিখে আঠার বৎসর বা তদনিম্ন বয়স্ক ব্যক্তিদের জন্ম নিবন্ধনের ক্ষেত্রে প্রদেয় ফিসের হার হইবে	বিনা ফিসে

মূল্য ঃ টাকা ২.০০

(খ)	৩১ ডিসেম্বর, ২০০৮ তারিখ পর্যন্ত সময়ের মধ্যে আঠার বৎসরের উর্ধ্ব-বয়স্ক ব্যক্তিদের জন্ম নিবন্ধনের ক্ষেত্রে প্রদেয় ফিসের এককালীন হার হইবে	৫০.০০ টাকা
(গ)	৩১ ডিসেম্বর, ২০০৮ তারিখ পর্যন্ত সময়ের মধ্যে কোন ব্যক্তির মৃত্যু নিবন্ধনের ক্ষেত্রে প্রদেয় ফিসের হার হইবে	বিনা ফিসে।"।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আখতারী বেগম

সিনিয়র সহকারী সচিব।

মোঃ মাছুম খান (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আখ্তার হোসেন (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।